দৈনিক সংবাদ

তারিখ ....
পৃষ্ঠা .... কলাম ....

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
২৫/১১/৯৫

সাংবাদিক সম্মেলনে অভিযোগ

শিক্ষক হত্যা মামলার আসামীরা বিএনপি ও ছাত্রদলের, তাই গ্রেফতার করা হচ্ছে না

ফেনী, ২২শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- বিএনপি ও ছাত্রদলের সন্ত্রাসীদের হাতে সোনাগাজী থানার সুতিগঞ্জে খেলার মাঠে বোমা হামলায় নিহত শিক্ষক নূর ইসলামের হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবিতে গত ৪ঠা নভেম্বর স্কুলের ছাত্র-শিক্ষক-অভিভাবকরা শহরে বিক্ষোভ মিছিল, সমাবেশ, স্মারকলিপি পেশ ও সাংবাদিক সম্মেলন করে।

গত ২৮শে আগস্ট বিকেলে সোনাগাজী থানার সুতিগঞ্জ হাইস্কুলে মাঠে সোনাগাজী পাইলট হাইস্কুল ও নবাবপুর হাইস্কুলের মধ্যে (আন্তঃস্কুল ফুটবল) খেলা চলাকালে একটি ফাউলকে কেন্দ্র করে সোনাগাজী পাইলট স্কুলের সমর্থকরা খেলার মাঠে বোমা হামলা করে এবং রেফারিকে লাঞ্ছিত করে। সুতিগঞ্জ হাইস্কুলের ক্রীড়া শিক্ষক নূর ইসলাম এ সময়ে রেফারিকে রক্ষা করতে গেলে সন্ত্রাসীরা তাকে লক্ষ্য করে উপর্যুপরি বোমা হামলা করে। তাকে হাসপাতালে স্থানান্তরের পর তার মৃত্যু হয়। এ ঘটনায় সুতিগঞ্জ হাইস্কুলের প্রধান শিক্ষক বাদী হয়ে সোনাগাজী থানায় একটি মামলা দায়ের করেন। এ মামলায় ছাত্রদল নেতা আবদুল ছাত্তার, বেলায়েত হোসেন বেলাল, সবুজ, চন্দনসহ ৭ জনকে আসামী করা হয়। ছাত্রদলের হত্যাকান্ডে উত্তেজনা দেখা দিলে সোনাগাজী এলাকার বিএনপি'র সাংসদ ও হুইপ মাহবুব আলম তারা, জেলা প্রশাসক ও পুলিশ সুপার ঘটনাস্থল পরিদর্শন করেন। তারা নূর ইসলাম হত্যা মামলার সুষ্ঠু তদন্ত ও বিচারের আশ্বাস দিয়ে এলাকার লোকজনকে শান্ত করেন; কিন্তু ঘটনার দু'মাস পরও কোন আসামীকে গ্রেফতার করা ছাড়াই সম্প্রতি পুলিশ চার্জশিট দাখিল করেছে। সাংবাদিক সম্মেলনে অভিযোগ করা হয় : মূল আসামীদের বাদ দিয়েই যেন-তেনভাবে পুলিশ মনগড়া চার্জশিট প্রদান করেছে। তারা আরো অভিযোগ করেন, বিএনপি'র একজন প্রভাবশালী নেতার কারণেই পুলিশ হত্যাকারীদের গ্রেফতার করছে না এবং মামলাটি অন্যখাতে প্রবাহিত করার চেষ্টা করছে। পুলিশের বিরুদ্ধে অভিযোগ করা হয়, আসামীরা প্রকাশ্যে ঘুরে বেড়ালেও পুলিশ তাদের গ্রেফতার না করে আসামীরা সীমান্তের ওপারে পালিয়েছে বলে প্রচার করছে। নূর ইসলাম হত্যা মামলার আসামীরা 'নিজেদের রক্ষা' করার জন্য তাদের বিরুদ্ধে (সুতিগঞ্জ শিক্ষক-অভিভাবক) স্কুল একটি ষড়যন্ত্রমূলক মামলা দায়ের করে উল্টো তাদের হয়রানির চেষ্টা করছে বলেও সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে উল্লেখ করা হয়।

ফেনী প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পড়েন সুতিগঞ্জ হাইস্কুলের প্রধান শিক্ষক বিনোদ বিহারী নাথ। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন স্থানীয় ইউপি চেয়ারম্যান ও স্কুলের শিক্ষকরা। সুষ্ঠু তদন্তের স্বার্থে মামলাটি সিআইডিতে স্থানান্তরের জন্য জেলা প্রশাসক ও পুলিশ সুপারের কাছে পেশ করা স্মারকলিপিতে উল্লেখ করা হয়।

উল্লেখ্য, নূর ইসলাম হত্যা মামলায় প্রথমে ৭ জন ও পরে ১৯ জনকে আসামী করা হলেও এ পর্যন্ত কোন আসামীই গ্রেফতার হয়নি।